

প্রিয় প্রি-K পরিবারবর্গ,



আপনাকে এক সেট *অনুভূতি চেনায় মজা* কার্ড দিতে পেরে আমরা আনন্দিত!
এসব কার্ড খেলার মতো করে উপভোগ্য পছন্দ আপনার সন্তানকে অনুভূতি সম্পর্কে
শিক্ষালাভ করতে সহায়তা করে।

শিশুরা প্রি-K এবং বাড়িতে বিভিন্ন অনুভূতি অনুধাবন ও মোকাবেলা করার মত গুরুত্বপূর্ণ
দক্ষতাগুলো ধীরে ধীরে অর্জন করে। এসব দক্ষতা ছেলেমেয়েদেরকে বন্ধুবান্ধব ও আত্মীয়-
স্বজনদের সাথে মানিয়ে চলতে, কোনো কাজ দুরূহ হলে প্রচেষ্টা অব্যাহত রাখতে, এবং স্কুলে
সফল হতে সহায়তা করে।

পারম্পরিক দূরত্ব ও মহামারীর কারণে ছেলেমেয়ে ও বয়স্করা অনেক দুশ্চিন্তা ও আবেগের মুখোমুখি হচ্ছে। ছেলেমেয়েরা তাদের
পারিপার্শ্বিকতা থেকে আবেগ প্রবণ হয়ে উঠে এবং তাদের রুটিনের পরিবর্তন, তাদের পরিবার ও ভাইরাস সম্পর্কে দুর্ভাবনা, এবং
জীবনে উল্লেখযোগ্য পরিবর্তন থেকে তাদের গভীর কোনো অনুভূতির জন্ম হতে পারে। ছোট ছোট ছেলেমেয়েরা বিভিন্নভাবে গভীর
আবেগ প্রকাশ করতে পারে – যেমন কান্না করা, সঙ্গে লেগে থাকা, উচ্চমাত্রায় সক্রিয়তা, বা সাধারণত যেসব বিষয়ে সহজে রাগ
হতেনা সেগুলোতে রেগে উদ্গাদগ্রস্থ হয়ে পরা। আপনার সন্তানের অনুভূতি বুঝা সাধারণ সময়ের চাইতে আপনার কাছে কঠিন
মনে হতে পারে। আমরা আশা করছি 'অনুভূতি চেনায় মজা' সম্মিলিতভাবে একটি গভীর অনুভূতি সম্পর্কে কথা বলায় একটি
ব্যবহারযোগ্য উপকরণ হিসেবে কাজ করবে।

আপনার সন্তানের প্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ শিক্ষক হিসেবে আপনার সন্তানের অনুভূতি সম্পর্কে শিক্ষালাভে সাহায্য করার
ক্ষমতা আপনার রয়েছে। সন্তান রেগে গেলে, মন খারাপ করলে, কিংবা ভীত হলে আপনি তার অনুভূতি বুঝতে ও সে ব্যাপারে কী
করতে হবে, তা জানতে পারবেন। অনুভূতি চেনায় মজা হ্যান্ডবুক এই কার্ডগুলো কীভাবে ব্যবহার শুরু করতে হবে, সে ব্যাপারে
ধারণা দেবে।

তৈরি করুন

টাওয়ার, ব্রিজ, কিংবা আপনি ও
আপনার সন্তানের কল্পিত যেকোন
কিছু নির্মাণ করতে এই কার্ডগুলো
ব্যবহার করুন।

খেলুন

গেম খেলতে, অনুভূতি সম্পর্কে
জানতে, এবং একসাথে মজা করতে
এই কার্ডগুলো ব্যবহার করুন।

শেখান

অনুভূতি প্রকাশ ও নিয়ন্ত্রণ শেখাতে
এই কার্ডগুলো ব্যবহার করুন।

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক বা প্রি-K প্রোগ্রাম লিডারের সাথে কথা বলুন বা
আমাদের DECEThrive@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

বিনীত,

ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন